



বাংলাদেশ নির্বাচন কমিশন  
সিনিয়র জেলা নির্বাচন অফিসারের কার্যালয়  
রংপুর  
[www.ecs.gov.bd](http://www.ecs.gov.bd)

স্মারক নং-১৭.০৮.৮৫০০.০০০.৬৬.০০৩.২০২৩-৩৭৫

তারিখঃ ০১ ফাল্গুন ১৪২৯  
১৪ ফেব্রুয়ারি ২০২৩

**রংপুর জেলার ইভিএম সংরক্ষণ করার জন্য বাড়ি/গোড়াউন ভাড়ার বিজ্ঞপ্তি**

সিনিয়র জেলা নির্বাচন অফিসার কার্যালয়, রংপুর এর ইভিএমসমূহ সংরক্ষণের জন্য অফিস সংলগ্ন ( রংপুর সিটি কর্পোরেশন এলাকা ও সিটি কর্পোরেশন বহির্ভূত সংলগ্ন এলাকায়) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত ভাড়ার হারে ০৩ (তিন) বছরের চুক্তিতে (নবায়নযোগ্য) বাড়ি/গোড়াউন ভাড়ার জন্য বাড়ি/গোড়াউন মালিকগণের নিকট হতে সিলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্র বিজ্ঞপ্তি জারির পর হতে আগ্রহী বাড়ির মালিকগণ আগামী ০৫ মার্চ ২০২৩ তারিখ অপরাহ্ন ২:০০ ঘটিকার মধ্যে সিনিয়র জেলা নির্বাচন অফিসার, রংপুর এর অফিস কক্ষে রক্ষিত বাঞ্ছিত সিলমোহরকৃত খামে দরপত্র জমাদান করবেন এবং প্রাপ্ত দরপত্রসমূহ ০৫ মার্চ ২০২৩ তারিখ বিকাল ৩:০০ ঘটিকায় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) গঠিত দরপত্র উন্মুক্ত কমিটি কর্তৃক উন্মুক্ত করা হবে। বিস্তারিত বিবরণ সম্বলিত দরপত্র সিডিউল আগামী ০২ মার্চ ২০২৩ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন (সকাল ৯:০০ হতে বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত) সময়ে নগদ ১,০০০/- (এক হাজার) টাকা (অফেরতযোগ্য) জমাদানপূর্বক সিনিয়র জেলা নির্বাচন অফিস, রংপুর হতে সংগ্রহ করা যাবে এবং বিস্তারিত নিয়মাবলি সিডিউলে উল্লেখ করা হয়েছে। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ কিংবা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করবে।

(মোঃ ফরহাদ হোসেন)

সিনিয়র জেলা নির্বাচন অফিসার  
রংপুর

ফোনঃ ০২৫৮৯৯৬২১২৩

Email: [deorangpur011@gmail.com](mailto:deorangpur011@gmail.com)